

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয়
ফেঞ্চুগঞ্জ, সিলেট



স্মারক নং- ইউএও/ফেঞ্চু/সিল/বিবিধ/৫৩/১৫৫

তারিখ: ০৪/০৬/২০২৩ খ্রি.

বরাবর,

আয়ন ব্যয়ন কর্মকর্তা / ডিডিও (সকল)
ফেঞ্চুগঞ্জ উপজেলা
সিলেট।

বিষয়: Pre-Audit কার্যক্রম যথাযথভাবে সমাধা করার জন্য ২০২২-২০২৩ অর্থ বছরের বিল দাখিল প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে যে, প্রত্যেক অর্থ বছরের শেষ দিকে মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/দপ্তর কর্তৃক প্রচুর পরিমাণে বিল হিসাবরক্ষণ অফিসে দাখিল করা হয়। এতে কম্পিউটারাইজ সিস্টেমে তথা iBAS++ এ বিল/চেক এন্ট্রি করার সময় সিস্টেমের গতি Slow হওয়ার পাশাপাশি সীমিত সংখ্যক জনবল দিয়ে বিদ্যমান আর্থিক বিধি-বিধান এর আলোকে দ্রুততম সময়ে যথাযথভাবে পূর্ব-নিরীক্ষার কাজ সম্পন্ন করে এডভাইস, চেক ইস্যু/নিষ্পত্তি করতে জটিলতার সৃষ্টি হয় এবং হিসাবরক্ষণ অফিসের নানাবিধ সমস্যার সম্মুখীন হতে হয়। অধিকন্তু Pre-Audit যথাযথভাবে সমাধান করা এবং আর্থিক শৃঙ্খলা রক্ষার লক্ষ্যে প্রয়োজনীয় নিরীক্ষার জন্য কিছু সময় অত্যাবশ্যিক। এছাড়া iBAS++ সিস্টেমে ২৫ জুন ২০২৩ খ্রি. মধ্যরাতে ১২.০০ ঘটিকায় স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাওয়ার কারণে এবং হিসাবরক্ষণ অফিসের সিটিজেন চার্টারে বর্ণিত বিল পাশের নির্ধারিত সময়সীমা অনুসরণ পূর্বক জুন মাসের শেষ প্রান্তিকে গৃহীত বিল সমূহ পূর্ব-নিরীক্ষা করে এডভাইস ইস্যু বা নিষ্পত্তি করা সম্ভব না হওয়ার মত অনভিপ্রেত ঘটনা ঘটার আশংকা থাকে।

২। উপরোক্ত অবস্থার প্রেক্ষিতে ২০২২-২০২৩ অর্থ বছরের আপনার বিভাগ/ দপ্তর কর্তৃক অর্থ বছরের শেষ সময়ে অনেক বেশি দাখিল না করে এর আগেই হিসাবরক্ষণ অফিসে বিল দাখিল করার জন্য সংশ্লিষ্ট সকল ডিডিও-কে অনুরোধ করা যাচ্ছে।

৩। উল্লেখ্য যে, হিসাবরক্ষণ অফিসসমূহে iBAS এর উন্নততর ভার্সন iBAS++ চালু করা হয়েছে। উক্ত iBAS++ ভার্সনটি সম্পূর্ণ ইন্টারনেট ভিত্তিক হওয়ায় সার্বক্ষণিক বিদ্যুৎ ও ইন্টারনেট ব্যতিত চালু রাখা সম্ভব হয় না। তাই বিষয়টি অধিকতর গুরুত্বের সাথে বিবেচনা করে পর্যাপ্ত সময় রেখে বিল সমূহ হিসাবরক্ষণ অফিসে প্রেরণের জন্য বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে।

৪। এ বিষয়ে আপনাদের সহযোগিতা ও পরামর্শ এ কার্যালয়ের জন্য সহায়ক হবে।

PA 04.06.2023

(পার্থ সারথী দেব)
উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা
ফেঞ্চুগঞ্জ, সিলেট